



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

প্রধানমন্ত্রীকে হত্যার হুমকির প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২২ মে ২০২৩।

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির প্রতিবাদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের আয়োজনে আজ মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। বেলা বারোটায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার সংলগ্ন সড়কে এ মানববন্ধন কর্মসূচিতে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, উপ-উপাচার্য অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার যোগদেন। এ সময় উপাচার্য তাঁর বক্তব্যে প্রধানমন্ত্রীকে হত্যার হুমকি প্রদানকারীর বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসানের সঞ্চালনায় মানববন্ধন কর্মসূচিতে আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের আহবায়ক অধ্যাপক ড. এ এ মামুন, সদস্য সচিব অধ্যাপক বশির আহমেদ, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. আব্দুল্লাহ হেল কাফী, ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক হোসনে আরা, ড. সুলতানা আক্তার প্রমুখ।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি

পরিচালক (ভারপ্রাপ্ত)

